

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ১২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম ও আইন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/০৬ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৫.০৫.০০১.১৭.৫৫৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সময় সময় শ্রম পরিস্থিতি পর্যালোচনা ও উন্নয়নের লক্ষ্যে দেশের গার্মেন্টস শিল্প সেক্টরের জন্য শ্রমিক, মালিক ও সরকার পক্ষীয় প্রতিনিধি সমন্বয়ে নিম্নরূপে আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ গঠন করিল :

০১। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী সভাপতি

সরকার পক্ষ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ০২। বাণিজ্য মন্ত্রণালয়ের ন্যূনতম যুগ্ম সচিব পর্যায়ের একজন প্রতিনিধি।
- ০৩। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ন্যূনতম যুগ্ম সচিব পর্যায়ের একজন প্রতিনিধি।
- ০৪। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ন্যূনতম যুগ্ম সচিব পর্যায়ের একজন প্রতিনিধি।
- ০৫। পররাষ্ট্র মন্ত্রণালয়ের ন্যূনতম মহাপরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি।
- ০৬। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ন্যূনতম যুগ্ম সচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

সদস্য

(২৪৩৯)

মূল্য : টাকা ৪.০০

মালিক পক্ষ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। জনাব মোঃ সিদ্দিকুর রহমান, সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ)।
- ০২। জনাব মোঃ এ, কে, এম সেলিম ওসমান, সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ)।
- ০৩। জনাব মোহাম্মদ নাসির, সহ-সভাপতি (অর্থ), বিজিএমইএ।
- ০৪। জনাব মাহমুদ হাসান খান (বাবু), সহ-সভাপতি, বিজিএমইএ।
- ০৫। জনাব এ, এইচ আসলাম সানি, প্রথম সহ-সভাপতি, বিকেএমইএ।
- ০৬। জনাব মনসুর আহমেদ, দ্বিতীয় সহ-সভাপতি, বিকেএমইএ।

সদস্য

শ্রমিক পক্ষ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। এ্যাডভোকেট দেলোয়ার হোসেন খান, সাধারণ সম্পাদক, বাংলাদেশ লেবার ফেডারেশন।
- ০২। জনাব নাদ্বীমুল আহসান জুয়েল, জেনারেল সেক্রেটারি, জাতীয় শ্রমিক জোট।
- ০৩। জনাব কামরুল আহসান, ওয়ার্কিং সভাপতি, জাতীয় শ্রমিক ফেডারেশন।
- ০৪। জনাব মোঃ আমিরুল হক আমিন, চেয়ারম্যান, আইবিসি।
- ০৫। জনাব কুতুবউদ্দিন আহমেদ, সেক্রেটারি জেনারেল, আইবিসি।
- ০৬। মিজ নাজমা আক্তার, সহকারী সেক্রেটারি জেনারেল, আইবিসি।

সদস্য

- ০১। উপসচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
সচিব

সদস্য-

২। আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ নিম্নলিখিত কার্য সম্পাদন করিবে:

- ক) দেশের বিদ্যমান সম্পদ এবং সার্বিক আর্থ-সামাজিক প্রেক্ষাপট বিবেচনা করিয়া গার্মেন্টস শিল্প সেক্টরের মালিক ও শ্রমিকদের মধ্যে সুসম্পর্ক স্থাপন ও সম্পর্ক উন্নয়ন এবং উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ ও ব্যবস্থা গ্রহণ করিতে সরকারকে পরামর্শ প্রদান;
- খ) গার্মেন্টস শিল্প সেক্টরের সার্বিক শ্রম পরিস্থিতি পর্যালোচনা পূর্বক সরকারকে অবহিত করা;

- গ) গার্মেন্টস শিল্প সেক্টরের শ্রম সংশ্লিষ্ট আইন, বিধি, নীতি ও পরিকল্পনা বিষয়ে সরকারকে সহায়তা ও পরামর্শ প্রদান;
- ঘ) পরিষদের নিকট পরামর্শের জন্য উপস্থাপিত যে কোন বিষয়ে গার্মেন্টস শিল্প সেক্টরের মালিক ও শ্রমিক সংগঠনগুলির সংগে পরামর্শক্রমে সরকারকে পরামর্শ ও সহায়তা প্রদান ও
- ঙ) বিদ্যমান সম্পদের সম্ভাব্য সর্বোচ্চ ব্যবহার দ্বারা কিভাবে গার্মেন্টস শিল্প সেক্টরে উৎপাদন বৃদ্ধি করা যায় সে সম্বন্ধে সরকারকে পরামর্শ প্রদান।

৩। ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (আরএমজি) সাধারণত বৎসরে ন্যূনতম তিনবার সভায় মিলিত হইবে। তবে, সভাপতি প্রয়োজনবোধ করিলে যে কোন সময় সভা আহ্বান করিতে পারিবেন।

৪। সভাপতির অনুমোদনক্রমে সদস্য-সচিব সভার নোটিশ জারী করিবেন।

৫। গার্মেন্টস শিল্প সেক্টর বিষয়ে অভিজ্ঞ ও ওয়াকিবহাল এমন যে কোন জাতীয় অথবা আন্তর্জাতিক পর্যায়ের ব্যক্তিকে পর্যবেক্ষক হিসেবে সভায় উপস্থিত হওয়া এবং আলোচনায় অংশগ্রহণ করিবার জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে।

৬। আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদে পর্যবেক্ষক হিসেবে মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম পরিচালক, শ্রম পরিদপ্তর এবং মহাপরিচালক, শিল্পাঞ্চল পুলিশ সভায় উপস্থিত থাকিতে পারিবেন।

৭। কমিটি প্রয়োজনে যে কোন সময় ত্রিপক্ষীয়তার ভিত্তিতে কাউন্সিলে নতুন সদস্য অন্তর্ভুক্ত করিতে পারিবে।

৮। সরকার কর্তৃক পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (আরএমজি) বহাল থাকিবে।

৯। ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য এই মন্ত্রণালয়ের আইন ও শ্রম অধিশাখা সাচিবিক সহায়তা প্রদান করিবে।

১০। এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোরশেদা হাই

সহকারী সচিব (শ্রম ও আইন)।